



# ঐক্যশ্রী



## সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর

### প্রকল্পটির উদ্দেশ্য

পশ্চিমবঙ্গের সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীরা যাতে নির্বিঘ্নে পড়াশুনা চালিয়ে যেতে পারে সেজন্য ঐক্যশ্রী প্রকল্পের মাধ্যমে স্কলারশিপ দেওয়া হয়। স্কুল ছুট রোধ করাই এই প্রকল্পের উদ্দেশ্য।

### এই প্রকল্পটির মাধ্যমে কি কি স্কলারশিপ দেওয়া হয়

- ১) প্রি ম্যাট্রিক (প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত)।
- ২) পোস্ট ম্যাট্রিক (একাদশ শ্রেণি থেকে পি এইচ ডি পর্যন্ত)।
- ৩) মেরিট কাম মিনস স্কলারশিপ (কারিগরি/ বৃত্তিমূলক পাঠক্রমের জন্য)।

### কারা এই প্রকল্পটির সুবিধা পেতে পারেন

• প্রি ম্যাট্রিক ও পোস্ট ম্যাট্রিক স্কলারশিপের জন্য –

পশ্চিমবঙ্গে বসবাসকারী সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী যারা রাজ্য বা কেন্দ্রীয় সরকারের অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠানে পাঠরত এবং বিগত শিক্ষাবর্ষের পরীক্ষায় অন্ততপক্ষে ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে, যাদের পারিবারিক আয় ২ লাখ টাকা বা তার থেকেও কম।

• মেরিট কাম মিনস স্কলারশিপের জন্য –

পশ্চিমবঙ্গে বসবাসকারী সংখ্যালঘু সম্প্রদায়ের ছাত্র-ছাত্রী যারা কারিগরি/ বৃত্তিমূলক পাঠক্রমে পাঠরত, উচ্চমাধ্যমিক/ স্নাতক স্তরের পরীক্ষায় অন্ততপক্ষে ৫০% নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে এবং যাদের পারিবারিক আয় ২.৫ লাখ টাকা বা তার থেকেও কম।

### প্রকল্পে আবেদনের জন্য প্রয়োজনীয় নথি

- ১) বিগত শিক্ষাবর্ষের পরীক্ষার মার্কশীট;
- ২) শিক্ষা প্রতিষ্ঠান থেকে বোনাফায়েড সার্টিফিকেট (মেরিট কাম মিনস স্কলারশিপের জন্য);
- ৩) ব্যাঙ্কের পাশবই-এর ফটোকপি;
- ৪) একটি মোবাইল ফোন ওটিপি-র জন্য।
- ৫) ২০২২-২৩ শিক্ষা বর্ষের ছাত্র-ছাত্রীদের ঐক্যশ্রী আবেদনপত্রের স্মারক সংখ্যা
- ৬) আধার কার্ড ও আধার কার্ড-এর ফটোকপি

### যোগাযোগ

নিজের শিক্ষা প্রতিষ্ঠান/ স্থানীয় গ্রাম পঞ্চায়েত/ বিডিও অফিস/ পৌরসভা/ সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের জেলা আধিকারিকের অফিস। আরও বিশদে জানার জন্য [www.wbmdfc-scholarship.in](http://www.wbmdfc-scholarship.in) ওয়েবসাইটটি দেখুন।

পশ্চিমবঙ্গ সরকার